

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮০২

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক

এমবিবি বিমানবন্দরে ভূমিকম্প মোকাবিলায় মহড়া আগামীকাল

মহারাজা বীর বিক্রম বিমানবন্দরের পুরনো ভবন এলাকায় আগামীকাল ভূমিকম্প মোকাবিলায় এক মহড়া অনুষ্ঠিত হবে। মহড়া শুরু হবে সকাল ১১টায়। আজ পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসকের অফিসের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার একথা জানান। সাংবাদিক সম্মেলনে এমবিবি বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনাও উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক ডা. বিশাল কুমার জানান, আমাদের রাজ্য ভূকম্পন প্রবণ এলাকায় সিসামিক জোন ৫এ অবস্থান করছে। ভূমিকম্প হলে আগরতলা বিমানবন্দরে কিভাবে পরিস্থিতি মোকাবিলা করা হবে সেই প্রস্তুতি দেখতেই আগামীকাল মহড়ার আয়োজন করা হয়েছে। জনগণকে এবিষয়ে সচেতন করাও মহড়ার উদ্দেশ্য। তিনি জানান, এনডিআরএফ, টিএসআর, সিআরপিএফ, পুলিশ সহ বিভিন্ন এজেন্সির ২০০ জন এই মহড়ায় অংশ নেবেন। সাংবাদিক সম্মেলনে এমবিবি বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনা জানান, আগামীকাল ভূমিকম্পের মহড়ার জন্য সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে।

\*\*\*\*\*